আজকের কাগজ

6

তারিখ ... 16 APR 1995
পৃষ্ঠা ৬ কলাম ৫

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# গোবিন্দগঞ্জের খলসী মাদ্রাসার সুপারের কারণে ১৩ জন ছাত্র দাখেলী পরীক্ষা দিতে পারেনি

মাদ্রাসা সুপারের কুমতলবের কারণে গাইবান্ধার গোবিন্দগঞ্জ থানার ওমানীগঞ্জ ইউনিয়নের খলসী দাখেলী মাদ্রাসার ১৩ জন পরীক্ষার্থী এবারের দাখেলী পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারেনি। জানা গেছে, উক্ত মাদ্রাসার সুপার আনোয়ার হোসেন তার মাদ্রাসার ১৩ জন ছাত্রছাত্রীর কাছ থেকে দাখেলী পরীক্ষা ফরমপূরণ বাবদ ১১শ' থেকে ১২শ' টাকা পর্যন্ত আদায় করেন। কিন্তু টাকা বোর্ডে না পাঠিয়ে আত্মসাৎ করে ছাত্রছাত্রীদের পরীক্ষার জন্যে প্রস্তুত হওয়ার উপদেশ দেন। গত ৬ এপ্রিল ছাত্রছাত্রীরা পরীক্ষার জন্যে কেন্দ্রে গিয়ে অনেক খোঁজাখুঁজির পর জানতে পারে তাদের নামে কোন পরিচয় পত্র আসেনি। এ অবস্থার তারা তাদের মাদ্রাসায় ফিরে এসে কান্নাকাটি শুরু করে। এ ব্যাপারে মাদ্রাসার সুপারের সঙ্গে যোগাযোগের চেষ্টা করে তাকে না পেয়ে ম্যানেজিং কমিটির জনৈক সদস্যের কাছে ঘটনার সত্যতা জানতে চাইলে তিনি ঘটনার স্বীকার করে বলেন, মাদ্রাসা সুপার এ ঘটনার পর থেকেই পালিয়ে বেড়ানোর কারণে তার বিরুদ্ধে এখন পর্যন্ত কোন ব্যবস্থা নেয়া হয়নি। গোবিন্দগঞ্জ থেকে গোপাল মোহন্ত।